

রুয়েট শিক্ষক লাঞ্ছনার ঘটনায় রাবি শিক্ষক সমিতির নিন্দা ও দ্রুত বিচারের দাবি

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী

১৯ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ১৯ আগস্ট ২০১৯ ০০:১২



আমাদের সময়

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মো. রাশিদুল ইসলামের ওপর হামলা ও লাঞ্ছনার ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (রাবিশিস)। এ ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবিও জানানো হয়েছে। গতকাল রবিবার দুপুরে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. আশরাফুল ইসলাম খান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ দাবি জানানো হয়।

হামলায় জড়িতদের শাস্তির দাবি জানিয়ে বিজ্ঞপ্তিতে বলা হয়, হামলার শিকার দম্পতির প্রতি আমরা সমবেদনা জানাচ্ছি। এ সন্ত্রাসী ঘটনার সঙ্গে জড়িত সন্ত্রাসীদের দ্রুত গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি আমরা।

উল্লেখ্য, গত ১০ আগস্ট নগরীর সাহেববাজার মণিচতুরে স্ত্রীকে উত্ত্যক্ত করার প্রতিবাদ করায় বখাটেদের মারধরের শিকার হন রুয়েটের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের সহকারী অধ্যাপক মো. রাশিদুল ইসলাম। ঘটনার সাত দিন পর গত শুক্রবার নগরীর বোয়ালিয়া থানায় ভুক্তভোগী শিক্ষক বাদী হয়ে মামলা করেন।

ঘটনার পর ওই দিনই ভুক্তভোগী ওই শিক্ষক ‘মেনে নিন নয়তো দেশ ছেড়ে চলে যান’ শিরোনামে তার ফেসবুক পেজে একটি স্ট্যাটাস দেন। স্ট্যাটাসটি সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক সাড়া ফেলে। তার পরই পুলিশ প্রশাসন বিষয়টি নিয়ে নড়েচড়ে বসলেও এখন পর্যন্ত ঘটনার সঙ্গে জড়িত কাউকে গ্রেপ্তার করতে পারেনি।